



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৩৯১.১৩-৪৬৫

তারিখঃ ৩০/০৫/২০১৮ খ্রিঃ


অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত)” প্রকল্পের যশোর জেলার মনিরামপুর উপজেলার মাঠ সংগঠক জনাব হাজিরা খাতুনকে ভারতের বিভিন্ন ধর্মীয় স্থান ভ্রমণের জন্য আগামী ০১/০৬/২০১৮ খ্রিঃ হতে ১৫/০৬/২০১৮ খ্রিঃ পর্যন্ত বা ছুটিতে গমনের তারিখ হতে (ট্রানজিট সময়সহ) অনধিক ১৫(পনের) দিন এর বহিঃ বাংলাদেশ ছুটি গড় বেতনে নিম্নলিখিত শর্তে মঞ্জুর করা হলো :

শর্তাবলীঃ

১. এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না এবং ছুটি কালীন তিনি দেশীয় মুদ্রায় তার বেতন ভাতাদি গ্রহণ করবেন।
২. উক্ত ভ্রমণে থাকাকালীন তার কোন দুর্ঘটনার জন্য অত্র প্রকল্প/বোর্ড/বাংলাদেশ সরকার কোন দায় দায়িত্ব বহন করবে না।
৩. যেহেতু প্রকল্প মেয়াদ ৩০ জুন’২০১৮ তারিখ শেষ হবে; তাই ৩০ জুন’২০১৮ তারিখের মধ্যে ছুটি ভোগ করতে হবে।
৪. মঞ্জুরীকৃত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না।
৫. মঞ্জুরীকৃত ছুটি শেষে তিনি যথাসময়ে কর্মস্থলে যোগদান করবেন। নির্ধারিত তারিখে তার যোগদান পত্র পাওয়া না গেলে তিনি অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করেছেন মর্মে বিবেচিত হবে এবং তার বিরুদ্ধে বিধি মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ মাহমুদ আলম  
প্রকল্প পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. জনাব হাজিরা খাতুন, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মনিরামপুর, জেলাঃ যশোর।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মনিরামপুর, জেলাঃ যশোর।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মনিরামপুর, জেলাঃ যশোর।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
৫. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা/ বেনাপোল স্থল বন্দর, যশোর/ দর্শনা, চুয়াডাঙ্গা/.....বিমান বন্দর/স্থল বন্দর/ বাংলাদেশ রেলওয়ে।
৬. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. পরিচালক (সেরজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।